

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ/০৪ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১১৭-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত Ordinance এর অধীন “চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল” এর কেবল চিকিৎসা সেবা কার্যক্রম পরিচালনা হইতে অর্জিত আয়ের উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:-

শর্তাবলী

- (১) সংশ্লিষ্ট হাসপাতালটির ন্যূনতম ২০% (বিশ শতাংশ) শয্যা গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের জন্য সংরক্ষণ করিতে হইবে;

- (২) “চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল” এবং “চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ” পরিচালনার জন্য পৃথক হিসাব সংরক্ষণ করিতে হইবে; এবং
- (৩) উক্ত প্রতিষ্ঠানসমূহকে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সচিব।